

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শাখাঃ কারিগরি-১
পরিবহন পুল ভবন, ঢাকা।
www.tmed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৬.০৯.০১৫.২০১৭-৪১১

তারিখঃ ১০ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ
২৪ জুন ২০১৯ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউটের জুনিয়র ইন্সট্রাক্টর (পাওয়ার), জনাব মোঃ খাইরুল বাশার বিগত ২২/০৯/২০১৫ খ্রি. তারিখ হতে অদ্যাবধি (৬০ দিনের অধিক) কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এহেন অননুমোদিত অনুপস্থিতির জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) অনুযায়ী ‘অসদাচরণ’ ও বিধি ৩ এর উপবিধি (সি) অনুযায়ী ‘ডিজারশন’ এর অভিযোগে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রস্তুত করে তার বরাবর প্রেরণ করা হয়। কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্ত শিক্ষক এ বিষয়ে কোন জবাব দাখিল বা যোগাযোগ করেননি। ফলে বুজুকৃত বিভাগীয় মোকদ্দমাটি সংশ্লিষ্ট বিধিমালা অনুযায়ী ধারাবাহিক কার্যক্রমে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়।

০২। তদন্তকারী কর্মকর্তা ড. মো. ফারুক হোসেন, যুগ্মসচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বিগত ১৩/০৫/২০১৮ খ্রি. তারিখে প্রতিবেদন দাখিল করেন। তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন মোতাবেক জনাব মোঃ খাইরুল বাশার এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩ (বি) অনুযায়ী ‘অসদাচরণ’ ও বিধি ৩ (সি) অনুযায়ী ‘ডিজারশন’ এর অভিযোগ প্রমাণিত হয়েছে।

০৩। অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭ এর উপবিধি ৯ মোতাবেক গুরুদেবের আওতায় কেন তাকে বিগত ২২/০৯/২০১৫ খ্রি. তারিখ হতে “চাকরি থেকে বরখাস্ত (Dismissal from Service)” করা হবে না সে বিষয়ে পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জবাব দাখিলের জন্য দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ গত ০৬ আগস্ট ২০১৮ খ্রি. তারিখে তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় ডাকযোগে প্রেরণ এবং দেওয়ানি কার্যবিধি ১৯০৮ এর আদেশ ৫ এর বিধি ১ হইতে ৩০ অনুসরণক্রমে গত ১১ জানুয়ারি ২০১৯ খ্রি. তারিখে ‘দৈনিক ইত্তেফাক’ ও ০৪ মার্চ ২০১৯ খ্রি. তারিখে ‘The Asian Age’ পত্রিকায় এবং ০২ জানুয়ারি ২০১৯ খ্রি. তারিখে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ওয়েব সাইটে প্রকাশ করা হয়। কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্ত শিক্ষক এ বিষয়ে কোন জবাব দাখিল বা যোগাযোগ করেননি।

০৪। বুজুকৃত বিভাগীয় মোকদ্দমার ধারাবাহিক কার্যক্রমে বর্ণিত বিধিমালার বিধি ৪ এর উপবিধি ৩ (ঘ) অনুযায়ী গুরুদেবের আওতায় জনাব মোঃ খাইরুল বাশার কে বিগত ২২/০৯/২০১৫ খ্রি. তারিখ হতে “চাকরি থেকে বরখাস্ত (Dismissal from Service)” করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের পরামর্শ চেয়ে পত্র প্রেরণ করা হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ (ঘ) অনুযায়ী অভিযুক্ত জনাব মোঃ খাইরুল বাশার কে “চাকরি থেকে বরখাস্ত (Dismissal from Service)” করার বিষয়ে মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্তের সাথে কমিশন একমত পোষণ করে।

০৫। জনাব মোঃ খাইরুল বাশার এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী ‘অসদাচরণ’ এবং বিধি ০৩ এর উপবিধি (গ) অনুযায়ী ‘পলায়ন’ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে চাকরি থেকে বরখাস্ত করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং সরকারী কর্মকমিশন উক্ত সিদ্ধান্তের সাথে একমত পোষণ করায় তাকে গুরুদেবের আওতায় বিগত ২২/০৯/২০১৫ খ্রি. তারিখ হতে “চাকরি থেকে বরখাস্ত (Dismissal from Service)” করা প্রয়োজন।

০৬। এমতাবস্থায়, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ (ঘ) অনুযায়ী কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউটের জুনিয়র ইন্সট্রাক্টর (পাওয়ার), জনাব মোঃ খাইরুল বাশার কে বিগত ২২/০৯/২০১৫ খ্রি. তারিখ হতে “চাকরি থেকে বরখাস্ত (dismissal from service)” করা হলো।

০৭। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(মুনশী শাহাবুদ্দীন আহমেদ)
সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।

(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

(১) সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।

(২) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

(জনাব মোঃ খাইরুল বাশার এর ব্যক্তিগত নথিতে/ডেসিসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।

(৩) মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৪) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।

(৫) উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৬) অধ্যক্ষ, কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউট, কুষ্টিয়া।

(৭) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

(৮) জনাব



(মোঃ আয়াতুল ইসলাম)

উপসচিব (কারিগরি-১)

ফোনঃ ৯৫ ৮৪ ৬৬৬

sastec1@tmed.gov.bd